# বিদ্যুৎ বিভাগ
## বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

## আসন্ন সেচ মৌসুমে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে সম্মানিত বিদ্যুৎ গ্রাহকগণের প্রতি আহবান

সম্মানিত গ্রাহকগণকে আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, বিগত এক যুগে বিদ্যুৎ খাতে অভূতপূর্ব সাফল্য অর্জিত হয়েছে যার সুফল জনগণ ভোগ করছে। তবে চাহিদার তুলনায় পর্যাপ্ত বিদ্যুৎ উৎপাদন সক্ষমতা থাকা সত্ত্বেও বৈশ্বিক জ্বালানি সংকটের কারনে বাংলাদেশকেও নানা চ্যালেঞ্জ মোকাবেলা করতে হচ্ছে। বিদ্যুৎ বিভাগ গ্রাহকদের নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সুবিধা প্রদানে আন্তরিকভাবে কাজ করছে এবং একইসাথে গ্রাহকদের আরও পরিমিত ও সাশ্রয়ী বিদ্যুৎ ব্যবহারে আহবান জানাচ্ছে। আসন্ন সেচ মৌসুমে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখার লক্ষ্যে গ্রাহকগণের সহযোগিতা কামনা করে নিম্নোক্ত বিষয়সমূহের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

- সেচ পাম্পে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতের লক্ষ্যে রাত ১১ টা থেকে সকাল ৭ টা পর্যন্ত সেচ পাম্প চালু রাখুন।
- দুর্ঘটনা এড়ানোর লক্ষ্যে হুকিং বা অবৈধ বিদ্যুৎ সংযোগ থেকে বিরত থাকুন।
- নিম্নহারে বিদ্যুৎ বিল সুবিধা প্রাপ্তির লক্ষ্যে দোকান, শপিং মল, পেট্রোল পাম্প ও সিএনজি স্টেশনে অতিরিক্ত বাতি ব্যবহারে বিরত থাকুন।
- বেআইনীভাবে ইজিবাইক ও মটর চালিত রিক্সার ব্যাটারি চার্জিং থেকে বিরত থাকুন।
- বিদ্যুৎ ও জ্বালানির সাশ্রয়ী ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে **ওয়েট এন্ড ড্রাই** পদ্ধতিতে সেচ কাজ সম্পাদন করুন।
- সর্বোপরি বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হউন। এতে আপনার লাভ তথা দেশের লাভ।

**বিদ্যুৎ খাতের সংস্থা/ কোম্পানিসমূহের কেন্দ্রীয় অভিযোগ কেন্দ্রের ফোন / হটলাইন নম্বর –**

| সংস্থা/কোম্পানির নাম | অভিযোগ/হট লাইন নম্বর |
|---|---|
| বিউবো | ১৬২০০ |
| পবিবো | ০২-৮৯০০৫৭৫ |
| ডিপিডিসি | ১৬১১৬ |
| ডেসকো | ১৬১২০ |
| নেসকো | ১৬৬০৩ |
| ওজোপাডিকো | ১৬১১৭ |

এছাড়া বিদ্যুৎ সম্পর্কিত অভিযোগ জানাতে সরাসরি নিম্নের ঠিকানায় যোগাযোগ করুন:

www.complain.mpemr.gov.bd

